

শেখের হস্তে

তারিখ :
পৃষ্ঠা : ৪

দরিদ্র ছাত্রদের উপবৃত্তিসহ বিনা বেতনে পড়ার সুযোগ দেয়া হোক

মেয়েদের শিক্ষা বিস্তারের লক্ষ্যে বিভিন্ন সুযোগ-সুবিধা প্রবর্তনের ফলে দরিদ্র পরিবারের মেয়েদের শিক্ষা লাভের পথ সুগম হলেও দরিদ্র পরিবারের ছেলেরা কিন্তু শিক্ষাক্ষেত্রে আত্র ও আগের মতোই পেছনে পড়ে আছে। অধিকতর কারণে ইচ্ছে থাকে সত্ত্বেও অধিকাংশ দরিদ্র পিতা-মাতা তাদের ছেলের লেখাপড়া খুব বেশীদূর চালিয়ে নিতে পারেন না। ফলে দরিদ্রাঙ্গীভিত্ত এসব ছাত্র প্রাথমিক বিনামূল্যের গতি পেরোতে না পেরোতেই অর্থোপার্জনের পথে নামতে বাধ্য হচ্ছে। আমি আমার অভিজ্ঞতায় দেখছি, দরিদ্র পরিবারের একজন শিক্ষানুরাগী মেধাবী ছেলেকে কত কষ্টে লেখা পড়া চালিয়ে যেতে হয়, কিংবা কতটা অনন্যোপায় হয়ে তাকে লেখা পড়া ছেড়ে হাতের উল্টো পিঠে চোখ মুছতে মুছতে অর্থোপার্জনে নামতে হয়। শিক্ষাক্ষেত্রে দরিদ্র ছেলেরা এ পিছিয়ে থাকা শিক্ষার সার্বজনীন ও সুসম বিস্তারের পথে এক বিরাট প্রতিবন্ধকতা। সর্বোপরি দেশের এক বিরাট জনগোষ্ঠীর ছেলে সন্তানরা এভাবে শিক্ষার আলো থেকে বঞ্চিত থাকলে দেশের সার্বিক উন্নতি সম্ভব নয়। তাই সরকারের কাছে বিনীত আবেদন এই যে, দরিদ্র ছাত্ররা যাতে শিক্ষার অধিকার থেকে বঞ্চিত না হয় সেজন্য একটা বিশেষ স্তর পর্যন্ত মেয়েদের মতো তাদেরও উপবৃত্তিসহ বিনা বেতনে শিক্ষা লাভের সুযোগ দেয়া হোক।

কেরদৌসী আক্তার,
সহকারী শিক্ষক, ইংরেজী,
পাবনা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়,
পাবনা।